

সূচী

প্রিন্ট: ২১ জুলাই ২০২৫, ০১:৩৩ পিএম

পরীক্ষা

কুমিল্লা বোর্ড

এইচএসসির স্থগিত হওয়া পরীক্ষার নতুন তারিখ ঘোষণা



বাসস

প্রকাশ: ২০ জুলাই ২০২৫, ০৫:২২ পিএম



প্রাকৃতিক দুর্যোগের কারণে কুমিল্লা বোর্ডের অধীন গত ১০ জুলাই ফেনী, নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া এবং কুমিল্লা জেলার স্থগিত হওয়া এইচএসসি ও সমমান পরীক্ষা আগামী ১২ আগস্ট অনুষ্ঠিত হবে।

রোববার শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক রুনা নাসরিন এ তথ্য নিশ্চিত করেছেন।

গত ৯ জুলাই কুমিল্লা বোর্ডের অধিনে থাকা জেলাগুলোতে হঠাৎ করে বন্যা পরিস্থিতি অবনতি হয়। ফেনী, নোয়াখালীসহ বিভিন্ন জেলায় বন্যার পানি বৃদ্ধির কারণে শুধুমাত্র ১০ জুলাইয়ের পরীক্ষা স্থগিত করা হয়। ওই দিনের স্থগিত পরীক্ষাগুলো হলো পদার্থবিজ্ঞান প্রথম পত্র, হিসাববিজ্ঞান প্রথম পত্র ও যুক্তিবিদ্যা প্রথম পত্র।

কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক রুনা নাসরিন বলেন, কুমিল্লা বোর্ডের অধীনস্থ জেলাগুলোতে বন্যা পরিস্থিতি ও দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ১০ জুলাই এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়। স্থগিত পরীক্ষাটি আগামী ১২ আগস্ট সকাল ১০টায় অনুষ্ঠিত হবে।

